কাশ্মীরে পুলিশের সঙ্গে সংঘর্ষে নিহত ৬: জিও টিভি

কাশ্মীরে ১৪৪ ধারা ভেঙে বিক্ষোভ করার সময় পুলিশের সঙ্গে সংঘর্ষে কমপক্ষে ছয়জন নিহত ও শতাধিক লোক আহত হয়েছে বলে দাবি করেছে পাকিস্তানভিত্তিক সংবাদমাধ্যম জিও টিভি। তবে কবে তারা নিহত হয়েছেন সে ব্যাপারে বিস্তারিত জানানো হয়নি।

জিও টিভি বলছে, নিহতদের মধ্যে একজন পুলিশের ধাওয়া খেয়ে নদীতে ঝাঁপ দেয়। পরে তার লাশ উদ্ধার করা হয় বলে পুলিশের এক কর্মকর্তা জানিয়েছেন।

তবে ভারতীয় সংবাদমাধ্যম এনডিটিভি জানিয়েছে, বুধবার কাশ্মীরে সংঘর্ষে মারা গেছে একজন।

এদিন শ্রীনগর, পুলওয়ামা, বারমুল্লাসহ বিভিন্ন শহরে বিক্ষোভকারীদের লক্ষ্য করে গুলি ও কাঁদানে গ্যাস ছোড়ে ভারতীয় সেনারা। বিক্ষোভকারীরাও পাল্টা ইট-পাটকেল ছোড়ে।

উপত্যকার সমস্ত যোগাযোগ ব্যবস্থা বন্ধ রয়েছে। শহর ও গ্রামগুলোর আশপাশে কাঁটাতারের বেড়া দেখা গেছে। বিক্ষোভ ছড়িয়ে পড়ার আশঙ্কায় পুরো অঞ্চলে টিভি চ্যানেল, ফোন এবং ইন্টারনেট সংযোগ বন্ধ করে রাখা হয়েছে।

সোমবার ভারতীয় সংবিধানের ৩৭০ নম্বর অনুচ্ছেদে কাশ্মিরকে যে স্বায়ত্তশাসিত রাজ্যের মর্যাদা দেওয়া হয়েছিল সেটি বাতিলের ঘোষণা দেন দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ। একইসঙ্গে কাশ্মীর থেকে ভেঙে লাদাখকে আলাদা করার ঘোষণাও দেন তিনি।

গত সপ্তাহ থেকেই জম্মু-কাশ্মীরে অতিরিক্ত আধা সেনা মোতায়েন করা হয়েছে। শুক্রবার সরকারের পক্ষ থেকে জানিয়ে দেওয়া হয়, অমরনাথের তীর্থযাত্রী ও পর্যটকদের দ্রুত রাজ্য ছেড়ে চলে যেতে হবে। ওই ঘোষণার পরেই আতঙ্ক ছড়িয়ে পড়ে রাজ্যে।

সোমবার রাতে পার্লামেন্টের উচ্চকক্ষ রাজ্যসভায় বিল পাসের পর জম্মু-কাশ্মীরের প্রাক্তন মুখ্যমন্ত্রী মহেবুবা মুফতি ও ওমর আবদুল্লাকে গ্রেফতার করা হয়। উপত্যকার বেশ কিছু এলাকায় জারি করা

□□□□□ □□□ □□□□□